



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
website: www.bb.org.bd



১৫ ফেব্রুয়ারি ২০২২

তারিখঃ -----

০২ ফাল্গুন ১৪২৮

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ক্রেডিট কার্ডে নন-ট্রানজেকশনাল ফি/চার্জ আরোপ এবং আদায় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৭ তারিখ: ১১ মে ২০১৭, বিআরপিডি সার্কুলার নং-১০ তারিখ: ০৩ আগস্ট ২০১৭ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৭ তারিখ: ২৪ সেপ্টেম্বর ২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিআরপিডি সার্কুলার নং-০৭/২০১৭ এর মাধ্যমে প্রণীত Guidelines on Credit Card Operations of Banks এর ১২ নং অনুচ্ছেদে ক্রেডিট কার্ডের সুদ/মুনাফার হার এবং অন্যান্য চার্জ বিষয়ক নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তীতে বিআরপিডি সার্কুলার নং-১০/২০১৭ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৭/২০২০ এর মাধ্যমে ক্রেডিট কার্ডের উপর সুদ/মুনাফার হার পুনঃনির্ধারণ করা হয়। এছাড়া বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৭/২০২০ এ অপরিশোধিত বিলের উপর সুদ/মুনাফা আরোপ, ক্রেডিট কার্ডের বিপরীতে নগদ উত্তোলন এবং বিলম্ব ফি আদায় বিষয়ক নির্দেশনা প্রদান করা হয়। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, ক্রেডিট কার্ড ইস্যুর পরে গ্রাহক উক্ত কার্ড সক্রিয় করার পূর্বেই ব্যাংক কর্তৃক এর বিপরীতে বিভিন্ন ধরনের নন-ট্রানজেকশনাল ফি/চার্জ (Annual Fee, CIB Fee, SMS Fee ইত্যাদি) আরোপ করা হচ্ছে এবং তা অনাদায়ে গ্রাহককে বিরূপমানে শ্রেণিকরণ করা হচ্ছে। যার ফলশ্রুতিতে জনসাধারণের মাঝে বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে এবং গ্রাহক বিবিধ ক্ষয়ক্ষতির সম্মুখীন হচ্ছেন।

০৩। বিদ্যমান প্রেক্ষাপটে, গ্রাহক স্বার্থ সংরক্ষণ এবং কার্যকর পেমেন্ট ইকোসিস্টেম নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যাংক কর্তৃক ক্রেডিট কার্ডের বিপরীতে নন-ট্রানজেকশনাল ফি/চার্জ আরোপের বিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো:

ক) ক্রেডিট কার্ড সক্রিয় করার পূর্বে গ্রাহকের উপর কোনরূপ নন-ট্রানজেকশনাল ফি/চার্জ (Annual Fee, CIB Fee, SMS Fee ইত্যাদি) আরোপ করা যাবে না;

খ) গ্রাহকের সম্মতি গ্রহণপূর্বক ক্রেডিট কার্ড সক্রিয়করণ পরবর্তীতে গ্রাহকের উপর নন-ট্রানজেকশনাল ফি/চার্জ আরোপ করা যাবে। তবে সক্রিয় ক্রেডিট কার্ডে গ্রাহকের লেনদেন (কেনাকাটা, নগদ উত্তোলন বা অন্য কোন ধরনের মার্চেন্ট ট্রানজেকশন) সংক্রান্ত কোন দায় না থাকলে অপরিশোধিত/বিলম্ব পরিশোধজনিত কারণে নন-ট্রানজেকশনাল ফি/চার্জ এর অতিরিক্ত কোনরূপ জরিমানা আরোপ করা যাবে না;

গ) নন-ট্রানজেকশনাল ফি/চার্জ এর উপর কোন অবস্থাতেই সুদ/মুনাফা আরোপ করা যাবে না;

ঘ) নন-ট্রানজেকশনাল ফি/চার্জ সংক্রান্ত অপরিশোধিত দায়ের জন্য গ্রাহককে বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না। তবে ক্রেডিট কার্ডে গ্রাহকের লেনদেন সংক্রান্ত দায় গ্রাহক কর্তৃক যথাসময়ে পরিশোধিত না হলে ঋণ শ্রেণিকরণ ও প্রভিশনিং বিষয়ক নীতিমালা অনুসরণপূর্বক গ্রাহককে বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে; এবং

ঙ) ক্রেডিট কার্ডের বিল সম্পূর্ণ বা আংশিকভাবে আদায় হলে আরোপিত নন-ট্রানজেকশনাল ফি/চার্জ সমন্বয়ের পরে গ্রাহকের লেনদেন সংক্রান্ত দায় সমন্বয় করা যাবে।

০৪। এ নীতিমালা জারির পূর্বে ক্রেডিট কার্ডে লেনদেন সংক্রান্ত দায় না থাকা সত্ত্বেও শুধুমাত্র অপরিশোধিত নন-ট্রানজেকশনাল ফি/চার্জ এর কারণে বিরূপমানে শ্রেণিকরণ করা হয়েছে এরূপ গ্রাহকের শ্রেণিমান সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৫। সূত্রোক্ত সার্কুলার/সার্কুলার লেটারসহ এতদসংশ্লিষ্ট বিদ্যমান অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২